# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ১৯. কাপড়, পাথর, কাঠ ও বাড়িঘরের কুষ্ঠরোগ! / ৮. ১. ১৯. ১. কাপড়েরও কুষ্ঠরোগ হয়!

বাইবেলে কুষ্ঠরোগ বিষয়ক কিছু বিধান বিদ্যমান। তবে বাংলা বাইবেল থেকে পাঠক অনেক সময় তা বুঝতে পারবেন না। পাঠক যে কোনো ইংরেজি-বাংলা অভিধান বা গুগল অনুবাদে দেখবেন যে, ইংরেজি leprosy শব্দের বাংলা অর্থ ও প্রতিশব্দ ‘কুষ্ঠব্যাধি’ বা ‘কুষ্ঠরোগ’। কেরির অনুবাদে leprosy অর্থ কুষ্ঠরোগ-ই বলা হয়েছে। কিতাবুল মোকাদ্দস-২০১৩ সাধারণভাবে কেরির অনুসরণ করেছে। পবিত্র বাইবেল-২০০০ ও কিতাবুল মোকাদ্দস-২০০৬ অনুবাদে কুষ্ঠরোগকে ‘সংক্রামক চর্মরোগ’ বা ‘খারাপ চর্মরোগ’ বলা হয়েছে। কুষ্ঠরোগ বিষয়ক বিধানের মধ্যে রয়েছে কুষ্ঠরোগ নির্ণয় করার পদ্ধতি, ইমাম বা যাজক কারো কুষ্ঠরোগ হয়েছে বলে মনে করলে তার নাপাক হয়ে থাকার পদ্ধতি, নাপাক থেকে পাক করার পদ্ধতি ইত্যাদি। লেবীয় পুস্তকের ১৩ ও ১৪ অধ্যায়ে পাঠক এ সকল বিস্ময়কর বিধান দেখবেন।

আমরা এখানে শুধু পাথর ও কাঠের কুষ্ঠরোগ বিষয়টা আলোচনা করব। এখানে ইংরেজিতে কাপড়, কাঠ ও পাথরেরও leprosy অর্থাৎ কুষ্ঠরোগ হয় বলে নিশ্চিত করা হয়েছে। কেরির অনুবাদে কুষ্ঠরোগই লেখা হয়েছে। তবে কিতাবুল মোকাদ্দস-২০০৬-এ ‘‘ক্ষয় করা ছাৎলা’’ লেখা হয়েছে। কেরির অনুবাদ মূলানুগ হলেও তা দুর্বোধ্য, আর কিতাবুল মোকাদ্দসের অনুবাদ সহজ হলেও তা পরিবর্তিত। এজন্য কিতাবুল মোকাদ্দস-০৬ ও কেরির সমন্বয়ে মূল ইংরেজির অনুবাদ করছি:

‘‘যদি কোন কাপড়ের কোন জায়গায় কুষ্ঠরোগ হয় (The garment also that the plague of leprosy is in: ক্ষয় করা ছাৎলা ধরে) সেটা পশমের বা মসীনার (লিনেন: linen) কাপড়ের উপরে হোক কিংবা বোনবার আগে পশম বা মসীনার সুতার টানা বা পোড়েনের উপরে হোক কিংবা চামড়া বা চামড়ার জিনিসের উপরেই হোক- আর সেই জায়গাটা দেখতে যদি কিছুটা সবুজ কিংবা লালচে হয় তবে বুঝতে হবে সেটা কুষ্ঠরোগের মহামারি/কুষ্ঠরোগের সংক্রমণ (a plague of leprosy: কুষ্ঠরোগের কলঙ্ক: এক রকমের ক্ষয়-করা ছাৎলা)। সেটা তখন ইমামকে দেখাতে হবে। ইমাম সেটা ভাল করে দেখে সাত দিনের জন্য অন্য সব জিনিস থেকে সেই জিনিসটাকে সরিয়ে রাখবে। তারপর সেই সাত দিনের শেষের দিন ইমাম আবার সেটা দেখবে। যদি এরমধ্যে সেই কাপড় কিংবা টানা-পোড়েনের সুতা কিংবা চামড়া বা চামড়ার জিনিসের উপরকার ছাৎলা ছড়িয়ে গিয়ে থাকে তবে বুঝতে হবে ‘সেটি সংহারক কুষ্ঠ’ (the plague is a fretting leprosy সেটাকে ক্ষয়-করা ছাৎলা ধরেছে) সেটি অশুচি ... সে কিছুতেই সেই কলঙ্ক হয়, তাহ সে পোড়াইয়া দিবে; কারণ তাহা সংহারক কুষ্ঠ (fretting leprosy), তাহা অগ্নিতে পোড়াইয়া দিতে হইবে। ... জিনিসটা ধোয়ার পরে ইমাম যদি দেখে যে, জায়গাটা ফ্যাকাসে হয়ে গেছে তবে সেই ফ্যাকাসে জায়গাটা তাকে ছিড়ে ফেলতে হবে। কিন্তু ঐ জিনিসটাতে যদি আবার ছাৎলা দেখা দেয় তবে বুঝতে হবে ওটা ব্যাপক কুষ্ঠ। যাহাতে সেই কলঙ্ক থাকে তাহা তুমি অগ্নিতে পোড়াইয়া দিবে।’’ (লেবীয় ১৩/৪৭-৫৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14473

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন